

# মেঘনা বুলোচিন

ডিসেম্বর, ২০২১; সংখ্যা-৪৫



রেডিও মেঘনার অনুষ্ঠান শুনে কারিগরি শিক্ষায়  
আগ্রহ বাড়ছে কিশোরী ও নারীদের

## আমাদের সম্পর্কে

রেডিও মেঘনা (উপকূলের কঠস্বর) কোস্ট ফাউন্ডেশন এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাসন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কঠস্বর বাড়াতে কাজ করে।

গ্রামীণ পর্যায়ে হাতে কলমে প্রশিক্ষণের অভাবে বেশিরভাগ কিশোরী ও নারীদের হস্তশিল্পসহ নানান প্রতিভা চাপা পড়ে থাকে। যদিও এ বিষয়ে সরকারি-বেসরকারিভাবে রয়েছে নানান প্রশিক্ষণ। কিন্তু প্রান্তিক এলাকার বেশিরভাগ মানুষ এ সম্পর্কে না জানার কারণে এসব প্রশিক্ষণ থেকেও হয় বঞ্চিত। কারিগরি শিক্ষা ও এসব প্রশিক্ষণের বিষয়ে নিয়ে অনুষ্ঠান প্রচার করে রেডিও মেঘনা। উপজেলা পর্যায়ে কোন দণ্ডের কি ধরণের প্রশিক্ষণ রয়েছে, কিভাবে এসব প্রশিক্ষণ পেতে পারে এসব বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় ‘যুব ক্ষমতায়ন’ অনুষ্ঠানে। এই অনুষ্ঠান শুনে সেলাই প্রশিক্ষণ গ্রহণ করছেন চরফ্যাসনের সদর উপজেলার কিশোরী মুক্তি (১৯) ও আসলামপুর এলাকার লামিয়া বেগম (২৫)। মুক্তি বলেন, তার স্বপ্ন পড়ালেখার পাশাপাশি একটা কিছু করা, নিজের ও



পরিবারের খরচ বহন ও সঞ্চয় করা। কিন্তু কি করবেন তা ভেবে পাননি। এমন সময় কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ে রেডিও মেঘনার অনুষ্ঠান শুনেন তিনি। তারপর নিজে নিজেই সেলাই প্রশিক্ষণ গ্রহণের জন্য ফরম সংগ্রহ করে ভর্তি হন মুক্তি। একই কথা জানান লামিয়া বেগম। তিনি বলেন সংসারের আয়মূলক কাজে শিখে পরিবারের উন্নয়নের কাজ করবেন চান তিনি।

অনুষ্ঠানটি প্রচারিত হয়েছে ২১ এপ্রিল ২০২১ তারিখ সম্ম্যাতে:৩০ মিনিটে। এতে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, চরফ্যাসন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব সালাউদ্দীন ভুঁইয়া এবং মহিলা বিষয়ক প্রশিক্ষণ কর্মকর্তা জনাব মিতিউর রহমান বুকল। উপস্থাপনায় ছিলেন তাসীপয়া আক্তার।



## রেডিও মেঘনার ফেসবুক লাইভ দেখে ই-কমার্সের সাথে যুক্ত হয়েছেন চরফ্যাসনের বুবিয়াত

বর্তমান যুগে অনলাইন ভিত্তিক ব্যবসার জনপ্রিয় নাম ই-কমার্স। রাজধানীসহ জেলা-উপজেলা এমন কি প্রান্তিক পর্যায়েও এর পরিচিতি রয়েছে বেশ। বর্তমান তরুণ প্রজন্ম ই-কমার্স ভিত্তিক অনলাইন ব্যবসার প্রতি বেশ আগ্রহ বেড়েছে। তবে কিভাবে এই ব্যবসা করা যায় কি কি দক্ষতা থাকা প্রয়োজন তা নিয়ে রেডিও মেঘনার নিয়মিত সম্প্রচারের পাশাপাশি ফেসবুকেও প্রচার করা হয়। আর তাতেই বেশ সাড়া পড়ে ফেসবুক নেটওর্কের মধ্যে। ৬১টি শেয়ার, ৭১টি কমেন্টস এবং ৫ হাজারেরও বেশি ভিউয়ের মাইলফলক স্পর্শ করে ভিডিওটি। এই অনুষ্ঠান শুনে চরফ্যাসনের মুখারবান্দার এলাকার বুবিয়াত নাজিম (২২) বর্তমানে যুক্ত হয়েছেন একটি ই-কমার্স প্লাটফর্মে। তার সাথে কথা হলে তিনি বলেন, ই-কমার্স সম্পর্কে জেনেছেন অনেকের কাছ থেকে। কিন্তু কোনো কিছুই বুঝতে পারেননি। রেডিও মেঘনার ফেসবুক পেজে অনুষ্ঠানটি কয়েকবার দেখেছেন এবং বোঝার চেষ্টা করেছেন। অবশেষে তিনি নিজেও উদ্যোগী হয়ে উঠেন। ভবিষ্যতে নিজেই অনলাইন ব্যবসা করার স্বপ্ন রয়েছে তার, এমনটাই জানান তিনিন।

অনুষ্ঠানটি প্রচারাতি হয়েছে ২১ আগস্ট ২০২১ তারিখে।

উপস্থাপনায় ছিলেন তাসপিয়া।

### শ্রোতা মতাত্ম

- এসডিজির প্রকল্পের সকল অনুষ্ঠান শুনতে শ্রোতাদের ভালো লাগে। এসব অনুষ্ঠান শুনে ফোন করেল মাধ্যমে এক শ্রোতা বলেন অনলাইনে কেনা কাটায় যাতে ধোকায় পড়তে না হয় এ বিষয়ে সচেতন হয়েছেন এবং তার বাস্তবাক্তব্যেও সচেতন করেছেন।
- ‘উন্মুক্ত অনলাইন কোর্স’ অনুষ্ঠান শুনে ইউটিউবার এবং ফিলেন্সারের মধ্যে পার্থক্য জেনেছেন শ্রোতারা।
- জেলা এবং উপজেলার কোথায় গেলে বিনামূলে আইনি সহায়তা পাওয়া যায় এ বিষয়ে জেনেছেন চরফ্যাসন আসলাপুর এলাকার এক শ্রোতা।



### যোগাযোগ:

উমে নিশ,  
সহকার স্টেশন ম্যানেজার,  
রেডিও মেঘনা, কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা  
ফোন: ০১৭০৮ ১২০৩৯০

manager@radiomeghna.net  
 /radiomeghna99.0  
 /radiomeghna.net